

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি
অধ্যক্ষ এর দপ্তর
www.mfacademy.gov.bd



নম্বর ৩৩.০৭.০০০০.০০১.২০.০০২.২১.৩৫১

তারিখ: ৪ কার্তিক ১৪২৯

২০ অক্টোবর ২০২২

নোটিশ

বিষয়: মেরিন ফিশারিজ একাডেমির ৪৩তম ব্যাচে নটিক্যাল স্টাডিজ ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির নির্দেশনাবলী।

সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তির জন্য নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে ১৯ অক্টোবর ২০২২ তারিখে প্রকাশিত চূড়ান্ত ফলাফল অনুযায়ী মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য ৪৩তম ব্যাচে চূড়ান্তভাবে নির্বাচিত ৭০জন পুরুষ ও ১৫ জন মহিলা প্রার্থীদের একাডেমিতে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা নিম্নে প্রদান করা হলোঃ

১। মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা আগামী ২৩ অক্টোবর ২০২২ তারিখ হতে ০৬ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত (সরকারি ছুটি ব্যতিত) পর্যন্ত সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত ভর্তি হতে পারবে।

২। মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত মেডিকেল টেস্টসমূহ যথা-CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile সরকারি রেজিস্টার্ডভুক্ত মেডিকেল ল্যাব/ প্যাথলজি হতে সম্পন্ন করে মেডিকেল রিপোর্ট একাডেমিতে ভর্তির সময় জমা দিতে হবে।

৩। একাডেমিতে ভর্তির সময় অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, অগ্রণী ব্যাংক লিমিটেড, ইছানগর, চট্টগ্রাম বরাবর ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পে-অর্ডার করতে হবে এবং পে-অর্ডারের মূল কপি একাডেমির ভর্তি কমিটির নিকট জমা প্রদান করতে হবে।

৪। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত মূল সনদ ও নম্বর ফর্দ জমা দিতে হবেঃ

- ক) মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষার এডমিট কার্ড - ০১ কপি।
- খ) মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বর ফর্দ - প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
- গ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বর ফর্দ - প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
- ঘ) জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি - ০২ কপি
- ঙ) নাগরিকত্ব সনদ - ০১ কপি
- চ) অবিবাহিত প্রমাণের সনদপত্র - ০১ কপি
- ছ) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র - ০১ কপি
- জ) পাসপোর্ট সাইজের ছবি - ০৪ কপি
- ঝ) কোভিড-১৯ এর টিকা প্রদানের সনদ

৫। একাডেমিতে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে (১) মূল আবেদন ফরম (Main Application Form) (২) “ইনডেমনিটি বন্ড নমুনা (তিনশত টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প) ভর্তির তারিখে একাডেমি হতে প্রদান করা হবে। ফরম সমূহ যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে।

৬। অভিভাবকের মধ্যে চাকুরিরতদের ক্ষেত্রে আয়কর সনদ/ আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাৎসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে।

৭। International Maritime Organization (IMO) এর Protocol অনুযায়ী প্রার্থীর সুস্থতা সম্পর্কে ভর্তির সময় হাঁপনী, মৃগীসহ ক্রনিক রোগে আক্রান্ত নয় মর্মে অভিভাবক কর্তৃক ঘোষণাপত্র/প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।

৮। একাডেমিক ০২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সফলভাবে সমাপ্তির পর ও পরবর্তী বিএসসি অনার্স কোর্স শেষে জাহাজে/অন্যান্য সেক্টরে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের। অত্র প্রতিষ্ঠান এ বিষয়ে দায়বদ্ধ নয়। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য হেল্প লাইন নম্বর: ০১৫৫৭-৬৩৬৮৫৭।

২০-১০-২০২২

ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসিম মকসুদ

অধ্যক্ষ

ইমেইল:

principal@mfacademy.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ক্যাডেট ভর্তি কমিটি, মেরিন ফিশারিজ একাডেমি
- ২) আইসিটি কর্মকর্তা, মেরিন ফিশারিজ একাডেমির (ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত)
- ৩) সকল নোটিশ বোর্ড,